দৈনিক
ইনকিলাব

তারিখ 23 MAR 2008
পৃষ্ঠা ৭ কলাম ৩

# বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামো পরিবর্তন প্রসঙ্গে

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের বর্তমান বিদ্যমান জনবল কাঠামো পর্যালোচনা করলে দেখা যায়, কত স্বল্প সংখ্যক শিক্ষক নিয়ে একটি শিক্ষা প্রতিষ্ঠান চালাতে হয়। স্কুল পরিচালনা কমিটির একজন সদস্য হিসেবে বিষয়টি আমি নিন্মোক্তভাবে ব্যাখ্যা করতে চাই। উদাহরণ স্বরূপ বিজ্ঞান বিভাগে মাত্র ০১ জন শিক্ষক, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে ০১ জন শিক্ষক এবং সমাজ বিজ্ঞান বিভাগে ০৩ জন শিক্ষকের প্রাধিকার রয়েছে। একটি শিক্ষা প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ বিভাগ হচ্ছে বাণিজ্য। অথচ এ বিভাগে কোন শিক্ষকের প্রাধিকার নেই। গার্হস্থ্য অর্থনীতি মাধ্যমিকের সকল শ্রেণীতে পাঠ্য এবং ব্যবহারিক বিষয় হওয়া সত্ত্বেও এ বিষয়ে কোন বিশেষায়িত শিক্ষক প্রাধিকার নেই। বর্তমানে কাঠামোগত প্রশ্নপদ্ধতি চালু হচ্ছে। কিন্তু উল্লেখিত বিষয়ে যদি কোন বিশেষায়িত শিক্ষক না থাকে তবে কাঠামোগত প্রশ্ন ও নির্বাচনী প্রশ্ন প্রণয়নের রীতিনীতি ও কৌশল তৈরি সহজসাধ্য নয়। ফলে শিক্ষা ব্যবস্থায় উপরোক্ত বিষয়ে সংস্কার সাধনে সুফল ও গুণগত মনোন্নয়ন অর্জন ব্যাহত হবে। বর্তমান তত্ত্বাবধায়ক সরকার জনহিতকর অনেক সংস্কারমূলক কার্যক্রম গ্রহণ করছে। এমতাবস্থায় মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামোতে বাণিজ্যে ০১ জন এবং গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ০১ জন শিক্ষকের প্রাধিকার করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

–সাবের হোসন
১৬০/গ, কুড়িল
বাড্ডা, ঢাকা।